

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-১
www.probashi.gov.bd

নং-৪৯.০০৭.১০৬৬.০০.০০.২৮৫.২০১০.৮৩

তারিখ : ০৭-০৮-২০১৮ খ্রিঃ

বিষয়ঃ সংযুক্ত আরব আমিরাতে Ejjadah Asset Management Group এর অধীনে Cleaner (Female) পদে ৫০ (পঁঞ্চাশ) জনের মধ্যে ১২ (বার) জন মহিলা কর্মীর নিয়োগানুমতি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি মেসার্স এয়ার লিংক (আরএল-১০৬৬)-এর আবেদনের প্রেক্ষিতে সংযুক্ত আরব আমিরাতে Ejjadah Asset Management Group এর অধীনে Cleaner (Female) পদে ৫০ (পঁঞ্চাশ) জনের মধ্যে ১২ (বার) জন মহিলা কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করা হ'ল :

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেসিক সেলারি (AED)	অন্যান্য সুবিধাদি (চুক্তিপত্র অনুযায়ী)
Ejjadah Asset Management Group	Cleaner (Female)	৫০ জনের মধ্যে ১২ (বার) জন	৮৭০ (AED)	চিকিৎসা, খাবার, যাতায়াত, বাসস্থান-ফ্রি; চুক্তির মেয়াদ-০৩ বছর কর্মঘন্টা-৮ ঘন্টা; বিমান ভাড়া-উভয় পথ ফ্রি; চাকুরির অন্যান্য শর্তাবলী আরব আমিরাতে শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

শর্তাবলী :

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে সংযুক্ত আরব আমিরাতে যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- প্রত্যেক ধাপে বাংলাদেশের কর্মীরা সংযুক্ত আরব আমিরাতে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি এ মন্ত্রণালয়, বিএমইটি এবং সংযুক্ত আরব আমিরাতে বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ ১,০৭,৭৮০/- (একলক্ষ সাত হাজার সাতশত আশি) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে করতে হবে এবং তার প্রমানপত্র বিএমইটি বরাবরে উপস্থাপন করবে।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী সংযুক্ত আরব আমিরাতে শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- এ নিয়োগ সম্পন্ন করে এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বর্তাবে না।
- দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation-এর বিষয়টি বিএমইটি সতর্কভাবে পরীক্ষা করবে।

৪৮

(ডপ্টর কাজী কামরুন নাহার)

উপসচিব

ফোন : ০২৪-৮৩২২৫১৯

মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো,

৮৯/২, কাকরাইল, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, সংযুক্ত আরব আমিরাত।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সহকারী প্রোগ্রামার (আইটি শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (কর্মসংস্থান এবং মনিটরিং ও এসফোর্সমেন্ট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. স্বত্বাধিকারী, মেসার্স এয়ার লিংক ওভারসীজ (আরএল-১০৬৬), এইচ-৭৯, ব্লক-এস (২য় তলা), বীর উত্তম জিয়াউর রহমান সড়ক, বনানী, ঢাকা।
৭. অফিস কপি।



(ডপ্টর কাজী কামরুন নাহার)

উপসচিব

ফোন : ০২৪-৮৩২২৫১৯